# মহাজনদের চাপে ঘুম উড়ছে গ্রামের

## ঋণ মেটাতে দেরি হলেই হুমকি

রাজু সাহা


**শামুকতলা, ২৬ জুন :** ব্যবসায়ী দিলীপ রায়ের তেমন বড় কোনও রাজনৈতিক পরিচয় নেই। তৃণমূলের সাধারণ কর্মী। তবুও এলাকায় তার আতঙ্ক রয়েছে। বুধবার দুপুরে এলাকারই তিন নিরীহ গ্রামবাসীকে বাড়িতে বেঁধে মারধর করার ঘটনায় দিলীপকে গ্রেপ্তার করা হয়। ঘটনায় ইতিমধ্যেই চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়। জানা গিয়েছে, দু'বছর আগে বিজেপির পতাকা খোলার সময় এক কর্মী বাধা দেন। তখন দিলীপ ওই কর্মীকে মারধর করেছিল। তাতে ওই বিজেপি কর্মীর একটি চোখ নষ্ট হয়ে যায়। এরপরই তার তৃণমূলের কর্মী হিসেবে গুরুত্ব অনেকটাই কমে যায়। জানা গিয়েছে, সুদের ব্যবসা করে তার প্রচুর টাকা। সেই জোরে জুটেছে সাঙ্গোপাঙ্গও। গোটা এলাকায় সুদের ব্যবসার রীতিমতো জাল বিছিয়েছে। মোটর সাইকেল, স্কুটার বন্ধক রেখে মোটা অঙ্কের সুদ আদায় করে দিলীপ।

জানা গিয়েছে, দশ হাজার টাকায় ১০ দিনে ৩ হাজার টাকা সুদ নেয় সে। কেউ সুদের টাকা না দিলে নানারকম হুমকি এবং মারধর করে টাকা আদায় করে। তাকে এলাকার মানুষ রীতিমতো ভয় পান। এদিন তিনজনকে বেঁধে মারধর করার ঘটনার কিছুক্ষণের মধ্যেই পুলিশ দিলীপকে গ্রেপ্তার করে। তবে বাকি অভিযুক্তরা এলাকা ছেড়ে পালিয়ে গিয়েছে। এই ঘটনায় বিজেপি দিলীপ এবং তার পরিবারের অভিযুক্ত সবার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নিয়ে কঠোর শাস্তির দাবি তুলেছে।

কুমারগ্রামের বিজেপি বিধায়ক মনোজকুমার ওরাওঁ বলেন, 'দিলীপ তৃণমূল কর্মী। এর আগেও আমাদের এক বিজেপি কর্মীকে মারধর করে একটি চোখ নষ্ট করে দিয়েছে। সে এলাকায় সুদের ব্যবসা ছড়িয়ে বসেছে। এলাকার মানুষের কাছে টাকা ধার দিয়ে মোটা অঙ্কের সুদ আদায় করছে। তৃণমূল নেতা-কর্মীরা তার বিরুদ্ধে কোনও ব্যবস্থা নেয় না। তৃণমূলের অনেক নেতা-কর্মী এই ধরনের অনৈতিক কাজের সঙ্গে যুক্ত।'

তৃণমূলের আলিপুরদুয়ার ব্লক সভাপতি পরিতোষ বর্মন বলেন, 'এই ঘটনার সঙ্গে দলের কোনও যোগ নেই। দিলীপ রায় আমাদের দলের সদস্য নয়। এই ন্যক্কারজনক ঘটনার তীব্র নিন্দা জানাচ্ছি। অভিযুক্তদের দৃষ্টান্তমূলক শাস্তি হোক সেটা আমরাও চাই। বিজেপি সবকিছুর মধ্যে রাজনীতির গন্ধ খুঁজে বেড়ায়।'


সুদের দাবিতে ৩ ভাইকে বেঁধে মার



### হেনস্তা

কামাখ্যাগুড়ির এক বাসিন্দা এক লক্ষ টাকা ঋণ নিয়ে ইতিমধ্যে ২ লক্ষ টাকা সুদ মিটিয়েছেন। এই মুহূর্তে আর্থিক চাপে সুদ না মেটাতে পারায় সুদ ব্যবসায়ীরা নানাভাবে তাঁকে হুমকি দিচ্ছেন, এমনকি তাঁর ক্ষুদ্র ব্যবসায়িক প্রতিষ্ঠানে এসে প্রতিনিয়ত ঝামেলা করছেন।

### আইনি পরামর্শ

বিনা লাইসেন্সে সুদের ব্যবসা করার আইনগত কোনও ভিত্তি নেই। যাঁদেরকে হুমকি দেওয়া হচ্ছে তাঁরা সেই হুমকির বিরুদ্ধে ইচ্ছে করলেই আইনের আশ্রয় নিতে পারেন।

- সোমশংকর দত্ত, আইনজীবী

## সুদের চাপে দিশেহারা

পিকাই দেবনাথ

**কামাখ্যাগুড়ি, ২৬ জুন :** '... অনেকসময় খাজনা দিতে না পেরে দরিদ্র কৃষকেরা বাধ্য হতেন সুদখোর মহাজনদের থেকে চড়া সুদে ঋণ নিতে। বদলে তাঁরা বন্ধক রাখতেন নিজের বাড়িঘর, জমিজমা। এরপর সেই ঋণ পরিশোধ করতে না পারলে শুরু হত মহাজনদের অত্যাচার। বেশিরভাগ ক্ষেত্রেই ওই কৃষকেরা এই ঋণের দায়ে সর্বস্ব খুইয়ে ফেলতেন...' ছোটবেলায় ইতিহাস বইতে এই লাইনগুলো আমরা সকলেই কমবেশি পড়েছি। বর্তমানে যেন এই ঘটনারই কার্যত পুনরাবৃত্তি হচ্ছে আলিপুরদুয়ারে। যেখানে অবৈধ সুদখোর মহাজনদের দাপটে ত্রস্ত দরিদ্র ঋণগ্রহীতারা।

অবৈধ এই সুদের কারবারে সরকারের কোনও অনুমোদন নেই। ওই সমস্ত ঋণ ব্যবসায়ীদের না রয়েছে কোনও লাইসেন্স, না কোনও রেজিস্ট্রেশন। তার পরেও দরকারের সময়ে ঋণগ্রহীতারা ব্যাংকে না গিয়ে এই সুদ ব্যবসায়ীদের কাছেই যান কেন? কারণ তাঁরা খুব সহজেই কাগজপত্রের ঝামেলা ছাড়াই ঋণ দিয়ে দেন। কিন্তু একবার ঋণ নেওয়ার পরেই শুরু হয় আসল খেলা। তখন সুদ ব্যবসায়ীরা আসলের সঙ্গে চক্রবৃদ্ধি হারে সুদের পরিমাণ বাড়াতে থাকেন। দু'-তিন বছরের মধ্যে আসল-সুদ মিলিয়ে বিশাল অঙ্কের টাকায় গিয়ে দাঁড়ায়। ঋণগ্রহীতারা সেই বিপুল টাকা শোধ করতে না পারলে তাঁদের সম্পত্তি জোর করে নিজেদের নামে লিখিয়ে নেওয়ার অভিযোগ উঠেছে মহাজনদের বিরুদ্ধে। কখনো-কখনো মারধর কিংবা খুনের হুমকি দেওয়ার মতো ঘটনাও ঘটে। সুদ পরিশোধ করতে গিয়ে ঋণগ্রহীতারা আরও ঋণ নেন। আর এইভাবেই তাঁরা ঋণের জালে জড়িয়ে পড়েন। যাঁরা এই অবৈধ সুদের ব্যবসা করেন, তাঁরা একরকম সুদ মাফিয়া বা মাসলম্যান নামেই পরিচিত।

জেলার বিশিষ্ট আইনজীবী সোমশংকর দত্তের কথায়, 'বিনা লাইসেন্সে সুদের ব্যবসা করার আইনগত কোনও ভিত্তি নেই। এটা যাঁরা প্রয়োজনে টাকা নিচ্ছেন এবং দিচ্ছেন একান্তই তাঁদের পারস্পরিক বোঝাপড়ার লেনদেন। যাঁদেরকে হুমকি দেওয়া হচ্ছে তাঁরা সেই হুমকির বিরুদ্ধে ইচ্ছে করলেই আইনের আশ্রয় নিতে পারেন।' আলিপুরদুয়ার জেলার পুলিশ সুপার ওয়াই রঘুবংশী জানিয়েছেন, অবৈধ সুদের ব্যবসা হলে বা এরকম ধরনের হুমকি বা চড়াওয়ের কোনওরকম লিখিত অভিযোগ পেলে পুলিশের তরফে কঠোর পদক্ষেপ গ্রহণ করা হবে।

এই সুদ ব্যবসায়ীদের টার্গেট মূলত আর্থিকভাবে পিছিয়ে পড়া শ্রেণির মানুষজন। মাসিক পাঁচ থেকে দশ শতাংশ হারে সুদে ঋণ দেন তাঁরা। তাঁরা কখনও সাদা স্ট্যাম্প পেপারে সই করিয়ে নেন, আবার কখনো-কখনো ব্ল্যাংক চেক সই করিয়ে নেন। অনেক সময় এমন অবস্থা দাঁড়ায় যে সুদ ব্যবসায়ীরা মূল টাকার দ্বিগুণ সুদ হিসাবে নিয়ে নেন। যখন ঋণগ্রহীতারা আর্থিক চাপে আর টাকা দিতে পারেন না, তখনই শুরু হয় হুমকি।

এমন ঘটনা অনেক রয়েছে। কামাখ্যাগুড়ির এক বাসিন্দা এক লক্ষ টাকা ঋণ নিয়ে ইতিমধ্যে ২ লক্ষ টাকা সুদ মিটিয়েছেন। এই মুহূর্তে আর্থিক চাপে সুদ না মেটাতে পারায় সুদ ব্যবসায়ীরা নানাভাবে তাঁকে হুমকি দিচ্ছেন, এমনকি তাঁর ক্ষুদ্র ব্যবসায়িক প্রতিষ্ঠানে এসে প্রতিনিয়ত ঝামেলা করছেন বলে অভিযোগ। কামাখ্যাগুড়ির আরেক ব্যক্তি স্ত্রীর অসুস্থতার সময় সুদ ব্যবসায়ীর থেকে ২ লক্ষ টাকা মাসিক পাঁচ শতাংশ হারে সুদে নিয়ে ৩ লক্ষ টাকা সুদ পরিশোধ করেছেন। তিনি আর্থিকভাবে দেউলিয়া হয়ে গিয়েছেন। সুদ ব্যবসায়ী তাঁকে নানাভাবে হেনস্তা করছেন। অকথ্য গালিগালাজ করার পাশাপাশি খুনের হুমকিও দেওয়া হচ্ছে।

কামাখ্যাগুড়ি, খোয়ারডাঙ্গা, পারোকাটা সহ জেলার বিভিন্ন প্রান্তে বহু মানুষ ঋণের চাপে দেউলিয়া। আর এর জন্য দায়ী সুদখোর মহাজনরা। সম্প্রতি সুদের টাকা দিতে না পারায় ৩ জনকে দড়ি দিয়ে বেঁধে মারধরের অভিযোগ উঠেছে এক মহাজনের বিরুদ্ধে। ঘটনাটি শামুকতলা থানা এলাকার। মহাজনরা কীভাবে কাজ করেন? আর কেনই বা এঁরা এত ভয়ংকর? খোঁজ নিল উত্তরবঙ্গ সংবাদ




সনজয় ডাইভারশনে মহাসড়ক অবরোধ স্থানীয়দের। বৃহস্পতিবার পলাশবাড়িতে।

## দেড় ঘণ্টা মহাসড়ক অবরুদ্ধ

### নদীর গতিপথ বদলে জমিতে জল

সুভাষ বর্মন

**পলাশবাড়ি, ২৬ জুন :** পলাশবাড়ির সুমন ভৌমিক চার বিঘা জমিতে শোলাকচুর চাষ করেছেন। খরচ হয়েছে প্রায় ৩৫ হাজার টাকা। কিন্তু সেই কচু তিনি বিক্রিই করতে পারেননি। কারণ, টানা দু'মাস ধরে কচুখেত জলের তলায়। সুমনের মতোই ক্ষতিগ্রস্ত পার্বতী মুন্ডা। তাঁর বাঁশঝাড় জলের কারণে ভেঙে যাচ্ছে। কেউ কেউ জমিতে আমন ধান রোপণ করতে পারছেন না। কারণ, জমিতে হাঁটুসমান জল। আবার অনেকের বাড়িতেও জল জমে রয়েছে। দিনের পর দিন এই সমস্যায় তিতিবিরক্ত হয়ে বৃহস্পতিবার স্থানীয় চাষিরা পলাশবাড়িতে সনজয় ডাইভারশনে প্রায় দেড় ঘণ্টা মহাসড়ক অবরোধ করেন।

স্থানীয়দের দাবি, সনজয় নদীতে সেতুর কাজ হচ্ছে। এজন্য নদীর গতি বদলে ফেলায় এলাকার প্রায় ৫০০ বিঘা জমি জলে ডুবে। প্রথমদিকে একশো বিঘার মতো জমি জলের তলায় ছিল। এখন তা বেড়েই চলেছে। সকাল সাড়ে দশটা নাগাদ অবরোধ শুরু হয়। খবর পেয়ে সোনাপুর ফাঁড়ির পুলিশ অবরোধস্থলে আসে। পুলিশ জাতীয় সড়ক কর্তৃপক্ষের সঙ্গে কথা বলে। তারপর দুপুর বারোটা নাগাদ পুলিশের আশ্বাসে অবরোধ ওঠে। এদিকে, আন্দোলনের জেরে জাতীয় সড়ক কর্তৃপক্ষ আরও হিউমপাইপ বসিয়ে এদিন জল বের করার উদ্যোগ নেয়। এনএইচএআই-এর প্রোজেক্ট ইনচার্জ বিবেক কুমারের কথায়, 'সনজয় নদীতে সেতুর কাজও নির্দিষ্ট সময়ে সম্পন্ন করতে হবে। সেজন্য বর্ষার সময়ও কাজ হচ্ছে। তাই এলাকার মানুষের কিছুটা সমস্যা হচ্ছে। তবে দ্রুত জল নামানোর চেষ্টা করা হচ্ছে।'

এদিন অবরোধস্থলে ছাতা হাতে চলে আসেন গ্রামের মহিলারাও। পার্বতী বলছেন, 'দিনের পর দিন জল জমে থাকাতেই এই সমস্যা।' তাঁর সংযোজন, 'তা বলে এসবের ক্ষতিপূরণ দিতে হবে না। দ্রুত নদীর জল আগের মতো বের করে দিতে হবে।' মনোরমা বর্মন নামে আরেক মহিলারও একই বক্তব্য। সমস্যা হচ্ছে আমনের চাষ নিয়েও। বর্ষাকালে কৃষকদের মূল উপার্জনের উৎস হল আমন চাষ। এক মাস আগেও অনেকের ভুট্টাখেত জলে ডুবে ছিল। জলে নেমে যেতে না যেতেই ভুট্টা তোলেন চাষিরা। আর এখন জমিতে আমন ধান রোপণ করতে পারছেন না। মাধাই সরকার নামে এক চাষির কথায়, 'কিছুটা উঁচু জমিতে বীজতলা করেছি। কিন্তু এখন জমিতে আমন ধান রোপণ করা যাচ্ছে না। কারণ, জমির জল কোনওভাবেই কমছে না। এখন আমাদের এইসব এলাকার প্রায় ৫০০ বিঘা জমি জলে ডুবে।' এছাড়া পলাশবাড়ির আন্না গোস্বামী, কাজল দাস, জয়দেব সরকার, পীযূষ সরকার, গৌতম সরকারদের মতো অনেকের বাড়িতেও জল জমে থাকছে।

> কিছুটা উঁচু জমিতে বীজতলা করেছি। কিন্তু এখন জমিতে আমন ধান রোপণ করা যাচ্ছে না। কারণ, জমির জল কোনওভাবেই কমছে না। এখন আমাদের এইসব এলাকার প্রায় ৫০০ বিঘা জমি জলে ডুবে।
>
> **- মাধাই সরকার,** *চাষি*

সনজয় নদীর পুরোনো কাঠের সেতুটি ভেঙে ফেলা হয় দু'মাস আগে। সেখানেই চলছে সেতুর কাজ। পাশেই থাকা হিউমপাইপের ডাইভারশন দিয়ে যান চলাচল করছে। কিন্তু পাকা সেতুর পিলারের কাজের জন্য নদীর গতি বদলে কিছুটা পূর্বদিকে একটি ক্যানাল তৈরি করে দেয় জাতীয় সড়ক কর্তৃপক্ষ। এজন্য স্বাভাবিক গতিতে জল বয়ে যেতে পারছে না।


পাঠকের লেন্সে 8597258697 picforubs@gmail.com
**নৈসর্গিক।।** *ভুটানঘাটের ছবিটি তুলেছেন আলিপুরদুয়ারের অনুপম চৌধুরী।*

## পুলিশের সঙ্গে বচসা কংগ্রেসের

**আলিপুরদুয়ার, ২৬ জুন :** আবার জেলা হাসপাতাল নিয়ে আন্দোলনে নামল কংগ্রেস। বৃহস্পতিবার আলিপুরদুয়ার শহরে হাসপাতাল নিয়ে কংগ্রেসের সেই আন্দোলনে লোকজন অবশ্য খুব একটা বেশি ছিল না। তবে পুলিশ বিক্ষোভকারীদের সরিয়ে দিতে গেলে বচসা বাঁধে। সন্ধ্যা পর্যন্ত ধর্নায় বসেছিলেন কংগ্রেসের কর্মীরা।

জেলা হাসপাতাল সুপারের সঙ্গে কংগ্রেস নেতাদের সমস্যা নতুন নয়। এর আগেও সুপারের সঙ্গে দেখা করতে এসে ফিরে যেতে হয়েছে কংগ্রেস নেতাদের। বৃহস্পতিবার সেই ঘটনার পুনরাবৃত্তি ঘটে। এদিন হাসপাতালের সুপারের সঙ্গে দেখা করতে গিয়ে তাঁকে না পেয়ে সুপারের অফিসের সামনে ধর্নায় বসেন কংগ্রেস নেতারা। দুপুর থেকে শুরু হওয়া ধর্না চলে সন্ধ্যা পর্যন্ত। অন্যদিকে কংগ্রেস নেতাদের সঙ্গে পুলিশকর্মীদেরও বচসা বেঁধে যায় ওই অফিসে আসা নিয়ে। দফায় দফায় চলে বাদবিতণ্ডা।

দুপুরে সুপারের সঙ্গে দেখা করতে গিয়েছিলেন কয়েকজন কংগ্রেস নেতা। বিকেলের পর আরও কংগ্রেস কর্মী জমা হতে থাকেন হাসপাতালের বাইরে। এদিনের এই সমস্যা নিয়ে জেলা কংগ্রেসের সভাপতি শান্তনু দেবনাথ বলেন, 'সকালে চিঠি দিয়ে আমি সুপারের সঙ্গে দেখা করতে আসি একজন জনপ্রতিনিধি হিসেবে। আগাম জানানো হলেও দেখি সুপার অফিসে নেই। তিনি আসবেন বলেও দীর্ঘক্ষণ আসেননি। হাসপাতালের বিভিন্ন সমস্যা নিয়ে কথা বলতে চেয়েছিলাম। বাধ্য হয়েই ধর্না দিতে হল।'

দুপুরে শান্তনু হাসপাতালের সুপারের অফিসে আসার পর কয়েকজন কংগ্রেস নেতা সুপারের অফিসে সামনে যেতে চান সেই সময়ই পুলিশের সঙ্গে বাদবিবাদ দেখা যায়। অন্যদিকে কংগ্রেসের যখন ধর্না চলতে থাকে তখন হাসপাতালের সুপার অফিসের কর্মীরা আটকে যান। এছাড়াও সুপার অফিসে না থাকায় বিভিন্ন কাজও আটকে যায়। অনেক রোগীর প্রয়োজনীয় বিভিন্ন কাজ আটকে যায় সুপারের অনুপস্থিতির জন্য। সন্ধ্যায় হাসপাতাল সুপারের অফিসের অন্য কর্মীদের ছেড়ে দেওয়া হলেও অ্যাসিস্ট্যান্ট সুপারদের আটকে রাখা হয়। অন্যদিকে, এই বিষয়টি নিয়ে কোনও মন্তব্য করতে চায়নি হাসপাতাল কর্তৃপক্ষ। ফোনে উত্তর পাওয়া যায়নি হাসপাতাল সুপার পরিতোষ মণ্ডলের।


*জেলা হাসপাতালে পুলিশের সঙ্গে বচসা কংগ্রেস নেতাদের।*

## কচ্ছপ উদ্ধার

**কামাখ্যাগুড়ি, ২৬ জুন :** বুধবার রাতে কামাখ্যাগুড়ি সুপার মার্কেট থেকে কামাখ্যাগুড়ি মোবাইল রেঞ্জের বনকর্মীরা একটি কচ্ছপ উদ্ধার করেন। সুপার মার্কেট এলাকায় স্থানীয় বাসিন্দারা একটি কচ্ছপকে লোকালয়ে দেখতে পান। এরপর স্থানীয় বাসিন্দারা বিষয়টি কামাখ্যাগুড়ি মোবাইল রেঞ্জে জানান। দ্রুত বনকর্মীরা কচ্ছপটিকে উদ্ধার করেন। কামাখ্যাগুড়ি মোবাইল রেঞ্জের আধিকারিক প্রভাত বর্মন জানান, কচ্ছপটিকে উদ্ধার করে রাজাভাতখাওয়ার জঙ্গলে ছেড়ে দেওয়া হয়েছে।

## মাদকবিরোধী

**কামাখ্যাগুড়ি ও কুমারগ্রাম, ২৬ জুন :** আন্তর্জাতিক মাদকবিরোধী দিবস উপলক্ষ্যে বৃহস্পতিবার খাপসাডাঙ্গা হাইস্কুলে নেশামুক্তি অভিযান পালন করা হয়। এদিন প্রায় ১৪০ জন ছাত্রছাত্রী ও শিক্ষক-শিক্ষিকারা এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন। বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা র‍্যালি করে বিদ্যালয় সংলগ্ন গ্রামে পরিক্রমা করে। ছাত্রছাত্রীরা অঙ্গীকারবদ্ধ, নিজেরা কখনও মাদকদ্রব্য ব্যবহার করবে না একইরকমভাবে পাড়া-প্রতিবেশীরা যাতে মাদকদ্রব্য থেকে দূরে থাকেন সেই বিষয়ে প্রচার চালাবে।

কুমারগ্রামেও পালিত হল আন্তর্জাতিক মাদকবিরোধী দিবস। আলিপুরদুয়ার জেলা পুলিশের উদ্যোগে এবং এনজিও-র সহযোগিতায় কুমারগ্রাম থানা থেকে মদনসিং হাইস্কুল পর্যন্ত র‍্যালি করা হয়। পুলিশ আধিকারিক থেকে শুরু করে একাধিক ছাত্রছাত্রী, শিক্ষক-শিক্ষিকা র‍্যালিতে পা মেলান। দিনভর কুমারগ্রাম বালিকা বিদ্যালয়, মদনসিং হাইস্কুল এবং আদর্শ হিন্দি হাইস্কুলে আলোচনাচক্র, বিতর্ক সভা, প্রশ্নোত্তর প্রতিযোগিতার মধ্য দিয়ে মাদকের কুপ্রভাব সম্পর্কে সচেতন করা হয়। উপস্থিত ছিলেন জেলার দুই ডিএসপি বিশ্বজিৎ মজুমদার ও উৎসব চন্দ, কুমারগ্রাম থানার আইসি শমীক চট্টোপাধ্যায় সহ আরও অনেকে।

## পানীয় জল নেই উপস্বাস্থ্যকেন্দ্রে

শান্ত বর্মন

**জটেশ্বর, ২৬ জুন :** ফালাকাটা ব্লকের গুয়াবরনগর উত্তর অংশের উপস্বাস্থ্যকেন্দ্রের সৌরচালিত ওভারহেড পাম্প দীর্ঘদিন থেকে বেহাল অবস্থায় পড়ে রয়েছে। আনুমানিক দেড় বছর ধরে পাম্পটি বিকল থাকলেও তা সংস্কারের উদ্যোগ নেওয়া হয়নি বলে অভিযোগ উঠেছে। ফলে উপস্বাস্থ্যকেন্দ্রে পরিষেবা নিতে আসা মহিলা ও প্রসূতিদের সমস্যার সম্মুখীন হতে হচ্ছে। পানীয় জলের জন্য উপস্বাস্থ্যকেন্দ্রের আশপাশের বাড়িতে যেতে হয় বলে অভিযোগ।

২ বছর আগে তৈরি করা হয়েছিল ওই সৌরচালিত পাম্পটি। উপস্বাস্থ্যকেন্দ্র কর্তৃপক্ষ জানিয়েছে, তৈরির ৬ মাস পরেই পাম্পের বিবকক চুরি হয়ে গিয়েছিল। ফলে বিকল হয়ে পড়েছিল পাম্পটি। গ্রাম পঞ্চায়েতে অভিযোগ জানানোর পরও তারা উদ্যোগ নেয়নি। পাম্পটি বন্ধ থাকায় উপস্বাস্থ্যকেন্দ্রের কর্তৃপক্ষই প্রয়োজনীয় ব্যবস্থা করেছিল। পাম্পটির বিবকক ঠিক করিয়ে নিয়েছিল। কিন্তু ১ মাস পর তা ফের চুরি হয়।

গ্রাম পঞ্চায়েতে অভিযোগ করলে গ্রাম পঞ্চায়েতের তরফে ১টি নতুন টিউবওয়েল বসানো হয়। কিন্তু সেই টিউবওয়েলেরও যন্ত্রাংশ আনুমানিক ১ বছর পর চুরি হয়ে যায় বলে জানিয়েছে উপস্বাস্থ্যকেন্দ্র কর্তৃপক্ষ। তারপর থেকেই পানীয় জলের কোনও ব্যবস্থা নেই ওই উপস্বাস্থ্যকেন্দ্রে।

উপস্বাস্থ্যকেন্দ্রের এএনএম তথা দলগাঁও উপস্বাস্থ্যকেন্দ্রের সুপারভাইজার যূথিকা রায়ের বক্তব্য, 'বিকল হওয়ার পর পাম্পটি সংস্কার করা হয়েছিল। পরে আবার বিকল হয়ে পড়ে। পাম্প বিকলের বিষয়টি প্রতিটি গ্রাম পঞ্চায়েতের বৈঠকে জানানো হয়। তার পরেও একই অবস্থা রয়েছে।' যদিও বিষয়টি নিয়ে প্রধানের সঙ্গে আলোচনা করে পাম্প সংস্কারের করার আশ্বাস দিয়েছেন গ্রাম পঞ্চায়েতের উপপ্রধান লক্ষ্মীকান্ত রায়।

গুয়াবরনগর ঘাটেরপাড় প্রাথমিক বিদ্যালয় সংলগ্ন এলাকায় রয়েছে উপস্বাস্থ্যকেন্দ্রটি। সেই কেন্দ্রটি থেকে গুয়াবরনগর মালসাগাঁও এলাকার প্রায় ৪ হাজার মহিলা স্বাস্থ্য পরিষেবা নিতে আসেন। পাশাপাশি নবজাতকদের নিয়েও স্বাস্থ্য পরিষেবা নিতে আসেন স্থানীয় বাসিন্দারা। উপস্বাস্থ্যকেন্দ্রে এলেও দীর্ঘদিন থেকে পানীয় জল পরিষেবা পান না মহিলারা। ফলে তাঁদের মধ্যে ক্ষোভ বাড়ছে।

### বিকল ওভারহেড সৌরচালিত পাম্প

স্থানীয় মহিলা মালতী রায় ক্ষোভের সঙ্গে বললেন, 'ছোট বাচ্চাকে নিয়ে উপস্বাস্থ্যকেন্দ্রে যাই। সেখানে জলতেষ্টা পেলে পানীয় জল পাওয়া যায় না। বাধ্য হয়ে অন্যের বাড়িতে যেতে হয়।' জলের বোতল কিনে নিতে হয়, না হলে উপস্বাস্থ্যকেন্দ্রের পাশের বাড়িতে ছুটতে হয় বলে ক্ষোভ প্রকাশ করলেন আরেক বাসিন্দা অনুরাধা বর্মন। উপস্বাস্থ্যকেন্দ্রটিতে পানীয় জল পরিষেবা চালুর দাবি জোরালো হচ্ছে।

## রক্তদান

**কালচিনি, ২৬ জুন :** বিশ্ব মাদকবিরোধী দিবস উপলক্ষ্যে বৃহস্পতিবার স্বেচ্ছাসেবী সংগঠন কালচিনি লাইফ ওয়েলফেয়ার অর্গানাইজেশনের উদ্যোগে রক্তদান শিবির অনুষ্ঠিত হল। কালচিনির অ্যাথলেটিক ক্লাব ভবনে আয়োজিত শিবিরে এদিন প্রায় ১৮ ইউনিট রক্ত সংগ্রহ করা হয়েছে। সংগৃহীত রক্ত আলিপুরদুয়ার জেলা হাসপাতাল ব্লাড ব্যাংকে পাঠানো হয়েছে। আয়োজক সংগঠনের সম্পাদক বিশ্বজিৎ বন্দ্যোপাধ্যায় জানান, 'পনেরো বছর ধরে সংগঠন দিনটি রক্তদান শিবির আয়োজনের মাধ্যমে পালন করছে।'

## আজ থেকে ফের কাজ জয়বীরপাড়ায়

মোস্তাক মোরশেদ হোসেন

**বীরপাড়া, ২৬ জুন :** শুক্রবার থেকে ফের কাজ হবে জয়বীরপাড়া চা বাগানে। সমাজবিরোধী কাজকর্মের অভিযোগ তুলে রবিবার সন্ধ্যায় সাসপেনশন অফ ওয়ার্কের নোটিশ জারি করেছিল জয়বীরপাড়া কর্তৃপক্ষ। এতে কাজ হারান ৬৩৬ জন শ্রমিক কর্মচারী। চাপে পড়ে শাসকদল। সমস্যা মেটাতে শ্রম দপ্তর তড়িঘড়ি ১ জুলাই জয়বীরপাড়া নিয়ে ত্রিপাক্ষিক বৈঠক ডাকে। তবে তার আগেই দ্বিপাক্ষিক বৈঠক ডাকে মালিকপক্ষের সংগঠন আইটিপিএ। বৃহস্পতিবার আইটিপিএ-র ডুয়ার্স শাখার বীরপাড়ার অফিসে ওই বৈঠকে শুক্রবার থেকে বাগানে কাজকর্ম শুরুর সিদ্ধান্ত হয়।

বৈঠকে আইটিপিএ-র ডুয়ার্স শাখার সম্পাদক রামঅবতার শর্মা, জয়বীরপাড়ার ম্যানেজার রাজীব দে, তৃণমূল চা বাগান শ্রমিক ইউনিয়নের চেয়ারম্যান নকুল সোনার, সহ সভাপতি উত্তম সাহা, কোর কমিটির সদস্য কল্লোল দেব, বিটিডব্লিউইউয়ের নেতা কিশোর বিশ্বকর্মারা অংশ নেন। আইটিপিএ সূত্রের খবর, শুক্রবার শ্রমিকদের প্রাপ্য একপাক্ষিক মজুরির টাকা মিটিয়ে দেওয়া হবে। চা বাগান কর্তৃপক্ষ জানিয়েছে, সোমবারই মজুরির টাকা মেটানোর দিন ছিল। কিন্তু পরিস্থিতির চাপে রবিবারই সাসপেনশন অফ ওয়ার্কের নোটিশ জারি করতে হয়। নোটিশে চা গাছ কেটে ফেলা, ছায়াগাছ, সেচপাইপ, তারজালির বেড়া চুরি সহ নানা সমাজবিরোধী কার্যকলাপের অভিযোগ করেছে মালিকপক্ষ। রামঅবতার শর্মা বলেন, '১ জুলাই আলিপুরদুয়ারে ত্রিপাক্ষিক বৈঠকে জয়বীরপাড়ার সমস্যাগুলি নিয়ে আলোচনা করা হবে।'

২০২৬ সালের বিধানসভা ভোটের প্রস্তুতি শুরু হয়েছে পশ্চিমবঙ্গে। আলিপুরদুয়ার জেলাটি চা বাগান অধ্যুষিত। ভোটের ফল নির্ণয় করেন চা শ্রমিকরাই। তাই জয়বীরপাড়া অঞ্চলে সুর চড়ায় বিজেপি। চাপ বাড়ে তৃণমূলের। পরিস্থিতির গুরুত্ব আঁচ করে তৃণমূল চা বাগান শ্রমিক ইউনিয়ন। সংগঠনের সহ সভাপতি উত্তম সাহা হুঁশিয়ারি দেন, দ্রুত মালিকপক্ষ বাগান না খুললে তিন মাস পর এসওপি কার্যকর করে অন্য সংস্থাকে চা বাগানের দায়িত্ব দেওয়া হবে। সংগঠনের কোর কমিটির সদস্য বৃহস্পতিবার কল্লোল দেব বলেন, 'কলকাতা থেকেই সমস্যা মেটাতে উদ্যোগ নিয়েছেন মাদারিহাটের বিধায়ক জয়প্রকাশ টোপ্পো। তাঁর উদ্যোগেই শুক্রবার দ্বিপাক্ষিক বৈঠক হয়।' এদিকে, সোমবার থেকে বৃহস্পতিবার বাগানে কাজ হয়নি। ওই চারদিনের মজুরি শ্রমিকরা পাবেন কি না তা নিয়ে ১ জুলাই বৈঠকের সিদ্ধান্ত নেওয়া হবে বলে জানান উত্তম সাহা।

একসময় এসএস এনডিয়েভারস নামে একটি সংস্থা জয়বীরপাড়ার দায়িত্বে ছিল। ২০২২ সালের ১ ফেব্রুয়ারি থেকে বাগানটি অথেনটিক টি প্রাইভেট লিমিটেড নামে একটি সংস্থার হাতে। ২০২৩ সালের ১৫ অক্টোবর বোনাস নিয়ে শ্রমিক অসন্তোষের জেরে সাসপেনশন অফ ওয়ার্কের নোটিশ জারি করে বাগান ছাড়ে জয়বীরপাড়া কর্তৃপক্ষ। ১৮ অক্টোবর ত্রিপাক্ষিক বৈঠকে নেওয়া সিদ্ধান্তের পর ১৯ অক্টোবর খোলে বাগানটি। পারিশ্রমিকের টাকা নির্দিষ্ট তারিখের ১০ দিন পরও না পেয়ে ২০২৪ সালের ২ ডিসেম্বর কারখানার সামনে বিক্ষোভ দেখান জয়বীরপাড়ার শ্রমিকরা। তবে বাগান ম্যানেজার রাজীব দে'র দাবি, রুগ্ন হলেও শ্রমিক কর্মচারীদের বেতন পারিশ্রমিক নির্দিষ্ট তারিখেই দেওয়া হচ্ছে। বাগানটিকে ঘুরে দাঁড় করানোর চেষ্টা করা হচ্ছে বলে জানান তিনি।


*জয়বীরপাড়ার ফ্যাক্টরি গেট।*

## নতুন দায়িত্ব

**ফালাকাটা, ২৬ জুন :** গত মার্চ মাসেই বিজেপি ছেড়ে তৃণমূল কংগ্রেসে যোগ দেন ফালাকাটার গুয়াবরনগর গ্রাম পঞ্চায়েত এলাকার নেতা রণজিৎ বর্মন। বৃহস্পতিবার তিনি শাসকদলের গুরুত্বপূর্ণ পদ পান। তৃণমূলের ফালাকাটা গ্রামীণ ব্লক কমিটির সাধারণ সম্পাদকের পদ তাঁকে দেওয়া হয়। রণজিৎ বলেন, 'দল যে দায়িত্ব দিয়েছে, পালন করব।'

# জেলা গ্রন্থাগারের স্বীকৃতি

## এডওয়ার্ড লাইব্রেরির নয়া ভবন, কর্মী নিয়োগ

প্রণব সূত্রধর

**আলিপুরদুয়ার, ২৬ জুন :** অপেক্ষার অবসান। অবশেষে জেলা লাইব্রেরির স্বীকৃতি পেল আলিপুরদুয়ার এডওয়ার্ড লাইব্রেরি। সম্প্রতি কোচবিহারে একটি বিশেষ বৈঠকে বিষয়টি ঘোষণা করেছেন জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবামন্ত্রী সিদ্দিকুল্লাহ চৌধুরী। জেলা গ্রন্থাগার আধিকারিক শিবনাথ দে বলেন, 'ধীরে ধীরে পরিকাঠামো গড়ে তোলা হবে। পর্যাপ্ত কর্মী নিয়োগ করা হবে। পাঠকরা উন্নতমানের পরিষেবা পাবেন।'

১৯১৭ সাল নাগাদ এডওয়ার্ড লাইব্রেরি স্থাপিত হয়েছিল। আলিপুরদুয়ার জেলা গঠিত হওয়ার পরেও কিন্তু এই লাইব্রেরি জেলা লাইব্রেরির তকমা পায়নি। জেলাবাসীর এই দাবি ছিল দীর্ঘদিন ধরে। এমনকি একবার জেলা লাইব্রেরির সাইনবোর্ডও লাগানো হয়েছিল। তবে খাতায়-কলমে তা বাস্তবায়িত না হওয়ায় বোর্ড খুলেও ফেলা হয়। এবার অবশ্য গ্রন্থাগারমন্ত্রীর ঘোষণায় সমস্ত জল্পনায় ইতি পড়ল। আলিপুরদুয়ারের পাশাপাশি কালিম্পং ও ঝাড়গ্রামেও জেলা লাইব্রেরি তৈরির ঘোষণা করেছেন সিদ্দিকুল্লাহ।



কিন্তু শুধু ঘোষণা হলেই তো হল না, প্রয়োজন উপযুক্ত পরিকাঠামো। এডওয়ার্ড লাইব্রেরিতে পরিকাঠামোগত একাধিক সমস্যা রয়েছে। নেই পর্যাপ্ত কর্মী। সেক্ষেত্রে লাইব্রেরির দ্বিতল বা ত্রিতল নতুন ভবন নির্মাণ করা হবে। ১০ জন কর্মী নিয়োগ সহ অন্যান্য পরিষেবাও গড়ে তোলা হবে। আধুনিক লাইব্রেরির মতো আগামীতে ওই লাইব্রেরির সম্পূর্ণ তথ্য সংরক্ষণ কম্পিউটারের মাধ্যমে হবে। পাঠকরা ওয়াই-ফাই পরিষেবা পাবেন। বসানো হবে ফোটোকপি মেশিন। এছাড়া স্পেশাল কেরিয়ার গাইডেন্স কোর্স ও আলাদা বিভাগ চালু করা হবে। বই পড়ার জন্য একটি বিশাল হলঘর তৈরির পরিকল্পনা রয়েছে। বাইরে থাকবে সাইকেলস্ট্যান্ড।

এডওয়ার্ড লাইব্রেরিতে এখন মাত্র একজন স্থায়ী নৈশপ্রহরী রয়েছেন। কামাখ্যাগুড়ির লাইব্রেরিয়ান সহ ঢালকর ও নিউটাউন লাইব্রেরির কর্মীরা দু'দিন করে এডওয়ার্ড লাইব্রেরির অতিরিক্ত দায়িত্ব সামলান। কর্মীসংকট ছাড়াও পরিকাঠামোগত একাধিক সমস্যা বড় আকার নিয়েছে। তবে জেলা গ্রন্থাগারের জন্য পরিকাঠামোগত উন্নয়ন ও অর্থবরাদ্দ হলে সেইসব সমস্যা মিটবে বলে বিশ্বাস সকলের। ইতিমধ্যেই সরকারিভাবে কাগজপত্র তৈরির কাজ শুরু হয়ে গিয়েছে বলে সূত্রের খবর।

জেলার বিশিষ্ট নাগরিক অর্ণব সেন বলেন, 'প্রায় ৩০ বছর লাইব্রেরি কমিটির সভাপতি ছিলাম। কমিটির সকলে চাঁদা তুলে লাইব্রেরির পরিষেবা চালু রাখার ব্যবস্থা করেছিলাম। কর্মীসংখ্যা বৃদ্ধি ও পরিকাঠামো গড়ে তোলা হলে তবেই পাঠকরা উপকৃত হবেন।' আরেক বিশিষ্ট নাগরিক প্রমোদ নাথ বলেন, 'বিভিন্ন সময় জেলা গ্রন্থাগারে উন্নীত করার দাবি ছিল। সেই দাবি পূরণ হওয়ায় আমরা খুশি। তবে পরিষেবা বজায় রাখতে পারলে তবেই পাঠকদের সংখ্যা বৃদ্ধি পাবে এবং তাঁরা নিয়মিত আসবেন।'

অন্যদিকে, জেলার ৩৭টি লাইব্রেরির মধ্যে বড় অংশের পরিকাঠামো গড়ে তোলা হয়েছে। বাকি বেহাল লাইব্রেরি সংস্কারের আশ্বাসও দিয়েছেন মন্ত্রী। জেলায় প্রায় ৮০ জন লাইব্রেরি কর্মীর প্রয়োজন থাকলেও এখন রয়েছেন মাত্র ৩০ জন। অবিলম্বে সেখানে অস্থায়ী কর্মী নিয়োগ করা হবে।

## বক্সা পাহাড়ে রাগি চাষে উৎসাহ

সমীর দাস

**কালচিনি, ২৬ জুন :** আলিপুরদুয়ারের দুর্গম বক্সা পাহাড়ে কমলালেবু চাষে তো প্রশাসনের তরফে স্থানীয় কৃষকদের আগেও উৎসাহিত করা হয়েছে। এবারে বক্সা পাহাড়ের কৃষকদেরই খাদ্যশস্য রাগি চাষে উৎসাহিত করা শুরু হল। বৃহস্পতিবার আলিপুরদুয়ার জেলা ও কালচিনি ব্লক কৃষি দপ্তরের তরফে বক্সা পাহাড়ের ৫-৬টি গ্রামের কৃষকদের মধ্যে রাগির বীজ বিলি করা হল। জাতীয় খাদ্য সুরক্ষা মিশনের আওতায় কৃষি দপ্তরের তরফে ওই অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

কৃষি দপ্তর সূত্রে জানা গিয়েছে, এদিন সন্তলাবাড়িতে আয়োজিত অনুষ্ঠানে বক্সা, আদমা, চুনাভাটি, সন্তলাবাড়ি, পুখড়ি গ্রামের প্রায় ১০০ জন কৃষকের মধ্যে প্রায় ৩০০ কেজি রাগির বীজ বিলি করা হয়েছে। পাশাপাশি রাগি চাষের পদ্ধতি জানাতে কৃষকদের সচেতন করা হয়েছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আলিপুরদুয়ারের সহ কৃষি অধিকর্তা (প্রশাসন) রজত চট্টোপাধ্যায়, কালচিনি ব্লক সহ কৃষি অধিকর্তা প্রবোধকুমার মণ্ডল প্রমুখ।

**পরামর্শ**

- ১০০ জন কৃষকের মধ্যে প্রায় ৩০০ কেজি রাগির বীজ বিলি করা হয়েছে
- রাগি চাষের পদ্ধতি জানাতে কৃষকদের সচেতন করা হয়েছে
- রাগি চাষে খুব বেশি জৈব সারের প্রয়োজন হয় না
- তবে কিছুটা গোবর সার ব্যবহার করলে ভালো ফলন পেতে পারেন কৃষকরা

রজত বলেন, 'বক্সা পাহাড়ের কিছু কিছু এলাকায় রাগি চাষের চল আগে থেকেই ছিল। তবে ওই শস্য চাষ আরও সুসংহতভাবে করাতে এই ধরনের শিবিরের আয়োজন করা হয়েছে। তাছাড়াও পাহাড়ের কৃষকরা এতদিন কীভাবে রাগি চাষ করছিলেন সেটা জেনে নিয়ে রাগি চাষের বিজ্ঞানভিত্তিক উপায় তাঁদের সামনে উপস্থাপন করা হয়েছে। এতে পাহাড়ের চাষিরা যেমন খাদ্যশস্য উৎপাদনে অনেকটাই স্বনির্ভর হতে পারবেন, তেমনি তাঁদের উপার্জনও বাড়তে পারে এই রাগি চাষের মাধ্যমে।

কৃষি দপ্তর সূত্রে জানা গিয়েছে, রাগির বীজবপন থেকে শুরু করে ফসল উৎপাদনের জন্য প্রায় ১১০ দিন সময় লাগে। ধান চাষের থেকে অনেকটাই কম সময়ে ফসল ঘরে তুলতে পারবেন কৃষকরা। রাগি শস্যের সুবিধা হল ওই শস্যে কার্বোহাইড্রেটের পরিমাণ অনেকটাই কম থাকে। পরিবর্তে প্রোটিন, খনিজ পদার্থ, ফাইবার থাকে প্রচুর পরিমাণে। রাগি ডায়াবিটিস রোগীদের জন্য উপকারী খাদ্য। আবার খাদ্যগুণে সমৃদ্ধ রাগি ক্যানসার প্রতিরোধেও কার্যকরী ভূমিকা পালন করে। এছাড়াও ওই শস্য থেকে যে আটা তৈরি করা হয়, তা দিয়ে বিস্কুট, কেক, রুটি সহ নানা ধরনের খাবার তৈরি করা যায়। যা বাজারজাত করে লাভবান হতে পারবেন গ্রামবাসীরা।

সন্তলাবাড়ি গ্রামসভার সম্পাদক তথা স্থানীয় কৃষক অরুণকুমার রাই বলেন, 'পাহাড়ে বহু আগে থেকেই রাগি চাষের প্রচলন ছিল। তবে মাঝে তা বন্ধ ছিল। কৃষি দপ্তরের এমন উদ্যোগে রাগি চাষে উৎসাহ ফিরে পাবেন স্থানীয় কৃষকরা।'

কালচিনি ব্লক সহ কৃষি অধিকর্তা প্রবোধ বলেন, 'পাহাড়ে কৃষকরা মূলত জৈব পদ্ধতিতে কৃষিকাজ করেন। রাগি চাষে খুব বেশি জৈব সারের প্রয়োজন হয় না। তবে কিছুটা গোবর সার ব্যবহার করলে ভালো ফলন পেতে পারেন কৃষকরা। সেটা এদিন জানানো হয়েছে।' এছাড়া এদিনের শিবিরে কীটপতঙ্গ দমনের পদ্ধতিও বলা হয়েছে কৃষকদের।



নৌকা পারাপার। বৃহস্পতিবার কোচবিহারের ফাঁসিরঘাটে। ছবি : অপর্ণা গুহ রায়

# নাংডালা চা বাগানে হাতির আক্রমণে মৃত্যু

মোস্তাক মোরশেদ হোসেন

**বীরপাড়া, ২৬ জুন :** হাতির আক্রমণে মৃত্যু হল এক প্রৌঢ়ের। বৃহস্পতিবার ভোর পাঁচটা নাগাদ ঘটনাটি ঘটেছে বীরপাড়া থানার নাংডালা চা বাগানে। মৃতের নাম মঞ্জিত খালকো (৫৩)। তিনি নাংডালার চারো লাইনের বাসিন্দা ছিলেন। এদিনের ঘটনায় 'খুনে' হাতিটির নৃশংসতা নিয়ে বেশি করে চর্চা চলছে। স্থানীয় বাসিন্দা ও মৃতের বাড়ির লোকজনের দাবি, মঞ্জিতকে একাধিকবার শুঁড়ে পেঁচিয়ে আছাড় মেরে 'খুন' করা হয়েছে।

এদিন বাগানের ২ নম্বর সেকশনে গবাদিপ্রাণীর জন্য ঘাস কাটছিলেন তিনি। হাতির আক্রমণে ঘটনাস্থলেই মৃত্যু হয় তাঁর। খবর পেয়ে ঘটনাস্থলে যান দলগাঁও রেঞ্জের বনকর্মীরা। বন দপ্তর সূত্রের খবর, মৃতের পরিবার ক্ষতিপূরণ বাবদ ৫ লক্ষ টাকা পাবেন। দলগাঁওয়ের রেঞ্জ অফিসার ধনঞ্জয় রায় বলেন, 'ময়নাতদন্তের পর পরবর্তী পদক্ষেপ করা হবে।'

এদিকে, সকালসকাল এমন ঘটনার কথা জানাজানি হতেই আতঙ্ক ছড়িয়ে পড়ে সেই চা বাগানে। স্থানীয়রা জানান, প্রায় প্রতি রাতেই রেতি এবং দলমোর ফরেস্টের হাতি হানা দিচ্ছে নাংডালায়। এলাকার বাসিন্দা মনোজ লাকড়া বলেন, 'চা বাগানের ভেতর দিয়ে হাতি চলাচলের করিডর রয়েছে। ফলে প্রতি রাতেই হাতি ঢোকে এলাকায়। রাতে তো বটেই,

**কীভাবে**

- ভোরবেলা ঘুম থেকে উঠে ঘাস কাটতে গিয়েছিলেন মঞ্জিত
- অনুমান, মঞ্জিত ঘাস কাটার সময় হাতির পালটি ঢুকে পড়ে ২ নম্বর সেকশনে
- সম্ভবত পেছন থেকে হাতি আক্রমণ করে তাঁকে

ভোরবেলাতেও ঘোরাঘুরি করে হাতি। দীর্ঘদিন ধরে হাতির হানা রুখতে বন দপ্তরে ব্যবস্থা নেওয়ার আর্জি করছি। বন দপ্তর পদক্ষেপ না করলে এধরনের ঘটনা ঘটতেই থাকবে।'

মৃতের পরিবার সূত্রের খবর, ভোরবেলা ঘুম থেকে উঠেই ঘাস কাটতে গিয়েছিলেন মঞ্জিত। স্থানীয়দের সন্দেহ, মঞ্জিত ঘাস কাটার সময় হাতির পালটি ঢুকে পড়ে ২ নম্বর সেকশনে। সম্ভবত পেছন থেকে হাতি আক্রমণ করে তাঁকে।

এদিন চা বাগানের নালায় পড়েছিল মঞ্জিতের থ্যাঁতলানো দেহটি। দেহের অবস্থা দেখে স্থানীয়দের সন্দেহ, শুঁড়ে পেঁচিয়ে একাধিকবার আছাড় মারার পাশাপাশি মঞ্জিতকে পা দিয়ে পিষে দেয় হাতি। মৃতের ছেলে মণীশ খালকো বলেন, 'স্থানীয়দের কাছে বাবার মৃত্যুর খবর পাই। চা বাগানে হাতি রয়েছে জানলে বাবা ঘাস কাটতে যেত না।'

লোকালয়ে বন্যপ্রাণীর আক্রমণে মানুষের মৃত্যু হলে আর্থিক ক্ষতিপূরণ ছাড়াও পরিবারের একজনকে চাকরি দেওয়ার বিধি চালু করেছে রাজ্য সরকার। মঞ্জিতের ঘটনায় এব্যাপারে জেলা শাসক পদক্ষেপ করবেন বলে জানান মাদারিহাট বীরপাড়া পঞ্চায়েত সমিতির বন ও ভূমি কর্মাধ্যক্ষ পবন রাজগোর। নাংডালা ছাড়াও রহিমপুর চা বাগানে লাগাতার হাতির হানায় অতিষ্ঠ সাধারণ মানুষ। রহিমপুর লাগোয়া সরুগাঁও বস্তিতে তিনদিন আগে হাতির হানায় এক ব্যক্তি জখম হন। তিনি শিলিগুড়ির একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন।

## অগ্নিকাণ্ড থেকে রক্ষা

**শামুকতলা, ২৬ জুন :** বড়সড়ো ক্ষতি থেকে রক্ষা পেলেন শামুকতলা দুর্গাবাড়ির ব্যবসায়ীরা। বৃহস্পতিবার এলাকার একটি স্টুডিওতে আগুন লেগে যায়। বাসিন্দাদের তৎপরতায় আগুন নেভানো সম্ভব হয়। শর্টসার্কিট থেকে আগুন লেগেছিল বলে প্রাথমিক অনুমান। উত্তরবঙ্গ উন্নয়নমন্ত্রী উদয়ন গুহের কাছে শামুকতলায় প্রস্তাবিত দমকলকেন্দ্র স্থাপনের প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করার দাবি জানিয়েছে ব্যবসায়ী সমিতি।

## প্লাস্টিকমুক্ত

**কুমারগ্রাম, ২৬ জুন :** প্লাস্টিকমুক্ত গ্রাম গড়তে বৃহস্পতিবার কুমারগ্রাম গ্রাম পঞ্চায়েত অফিসে এক বিশেষ সভার আয়োজন করা হয়। আলোচনা সভায় বিডিও অফিসের কর্মী থেকে শুরু করে শিক্ষক-শিক্ষিকা, স্বাস্থ্যকর্মী, আশাকর্মী, অঙ্গনওয়াড়ি কর্মীদের মতো বিভিন্ন সরকারি দপ্তরের আধিকারিক এবং কর্মীরা অংশ নেন। এলাকার ব্যবসায়ী, বিভিন্ন ক্লাব সংগঠনের সদস্যরা সভায় অংশ নিয়ে প্লাস্টিকমুক্ত গ্রাম গড়ার শপথ নেন। গ্রাম পঞ্চায়েতের প্রধান সৌভিক দাস জানান, প্লাস্টিকমুক্ত গ্রাম গড়ার ব্যাপারে সমাজের সর্বস্তরের প্রতিনিধিদের সচেতন করা হয়েছে।

## পর্যালোচনা

**আলিপুরদুয়ার, ২৬ জুন :** দীর্ঘ প্রায় সাত-আট মাস পর প্রাথমিকের প্রধান শিক্ষকদের নিয়ে স্কুলগুলির বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে পর্যালোচনা বৈঠক করছেন অবর বিদ্যালয় পরিদর্শকরা। গত কয়েকদিন ধরে বিভিন্ন সার্কেলে এই রিভিউ মিটিং হচ্ছে। বৃহস্পতিবার আলিপুরদুয়ার উত্তর সার্কেলের এই বৈঠকে পড়ুয়াদের সার্বিক মূল্যায়ন সহ পরিচ্ছন্নতা, নিয়মিত শিক্ষক-শিক্ষিকাদের ক্লাসে উপস্থিত থাকা নিয়ে আলোচনা হয়। এছাড়াও প্লাস্টিক দূষণ নিয়ন্ত্রণ নিয়েও আলোচনা হয়। জানিয়েছেন ডিপিএসসি'র চেয়ারম্যান পরিতোষ বর্মন।

## স্মরণ সন্ধ্যা

**ফালাকাটা, ২৬ জুন :** গায়ত্রী বসু স্মরণ সন্ধ্যার আয়োজন করা হল। বৃহস্পতিবার ফালাকাটা ব্যবসায়ী সমিতির হলে এই স্মরণ সন্ধ্যার আয়োজন করা হয়। গায়ত্রী বসু মেমোরিয়াল ফাউন্ডেশনের সম্পাদক মৈত্রেয়ী বসু বলেন, 'গায়ত্রী বসু ছিলেন ফালাকাটার শিক্ষা জগতের এক উজ্জ্বল নক্ষত্র। কিন্তু হঠাৎ করে গত বছর তাঁর প্রয়াণ ঘটে। তবে তাঁর অজস্র অনুগামীর মধ্যে তিনি আজও বেঁচে রয়েছেন। তাই তাঁকে স্মরণ করা হল।' উপস্থিত ছিলেন ফালাকাটা কলেজের প্রাক্তন অধ্যক্ষ ডঃ হীরেন্দ্রনাথ ভট্টাচার্য প্রমুখ।

## নয়া কমিটি

**ফালাকাটা, ২৬ জুন :** ফালাকাটা হাট ব্যবসায়ী সমিতির নতুন কমিটি গঠন করা হল বৃহস্পতিবার। নয়া কমিটির সভাপতি হয়েছেন রাজেন সাহা। যুগ্ম সম্পাদক হয়েছেন অমিত পাল ও হরেকৃষ্ণ সাহা। কোষাধ্যক্ষ হয়েছেন গৌরাঙ্গ সাহা। মোট ১২ জনের ফালাকাটা হাট ব্যবসায়ী সমিতির একটি পূর্ণাঙ্গ কমিটি গঠন করা হয়েছে।

## সংবর্ধনা

**শামুকতলা, ২৬ জুন :** কিষান খেতমজদুর তৃণমূল কংগ্রেসের জেলা সভাপতি পদে পুনর্নির্বাচিত হয়েছেন প্রসেনজিৎ রায়। বৃহস্পতিবার আলিপুরদুয়ার দলীয় কার্যালয়ে তাঁকে সংবর্ধনা জানাল দলের দু'নম্বর ব্লক কমিটি।



বেসরকারি দুই যাত্রীবাহী বাসের মুখোমুখি সংঘর্ষ। বৃহস্পতিবার ফালাকাটার বগরিবাড়িতে।

# মুখোমুখি দুই বাসের সংঘর্ষে জখম ২০

সুভাষ বর্মন

**ফালাকাটা, ২৬ জুন :** যাত্রীবাহী দুই বেসরকারি বাসের মুখোমুখি সংঘর্ষ। বৃহস্পতিবার ফালাকাটা-ধূপগুড়ি রাজ্য সড়কের বগরিবাড়ি এলাকায় দুর্ঘটনাটি ঘটে। স্থানীয়দের দাবি, বগরিবাড়ি এলাকার রাস্তায় একটি বড় বাঁক রয়েছে। সেই বাঁকেই বাস দুটির মুখোমুখি সংঘর্ষ হয়। দুর্ঘটনায় দুই বাসের চালক সহ প্রায় ২০ জন যাত্রী জখম হয়েছেন। তবে কারও অবস্থাই গুরুতর নয় বলে জানা গিয়েছে। বিকেল তিনটা নাগাদ এই দুর্ঘটনাটি ঘটেছে। দুর্ঘটনার পর রাস্তাটি অবরুদ্ধ হয়ে পড়েছিল। আধ ঘণ্টার জন্য যান চলাচল বন্ধ হয়ে যায়। পরে ফালাকাটা থানার পুলিশ গিয়ে পরিস্থিতি স্বাভাবিক করে। পুলিশ জানিয়েছে, দ্রুত ক্রেন দিয়ে বাস দুটিকে মূল রাস্তা থেকে সরানো হয়। তারপরই যান চলাচল স্বাভাবিক হয়েছে।

কিন্তু কী কারণে ঘটল এমন দুর্ঘটনা? ফালাকাটা শহরের তরুণ শুভম চন্দ ঘটনার সময় ধূপগুড়ি থেকে স্কুটারে ফালাকাটার দিকে যাচ্ছিলেন। তাঁর কথায়, 'দুটি বাস দ্রুতগতিতে এসে মুখোমুখি একে অপরকে ধাক্কা মারে। বগরিবাড়ি এলাকায় রাস্তায় একটি বড় বাঁক আছে। সেই বাঁকের কারণে দুই চালক গাড়ি নিয়ন্ত্রণ করতে পারেননি। তাই ধাক্কা লাগে।' একটি বাস শিলিগুড়ি থেকে ফালাকাটার দিকে ও আরেকটি বাস কোচবিহার থেকে শিলিগুড়ির দিকে যাচ্ছিল। মুখোমুখি ধাক্কায় দুই বাসের সামনের একাংশ দুমড়ে যায়। এতে দুই বাসের চালক ও সামনের দিকে বসে থাকা যাত্রীরাই মূলত জখম হন। শিলিগুড়ি থেকে আসা বাসের এক যাত্রী অনুকূল বিশ্বাস পরে বলেন, 'আমি শিলিগুড়িতে বাসে উঠি। বারবিশা যাচ্ছিলাম। বাসের মাঝামাঝি সিটে বসে ছিলাম। রাস্তা ফাঁকা থাকায় বাসটি ভালোই গতিতে চলছিল। হঠাৎ তীব্র ধাক্কা ও শব্দে আতঙ্কিত হয়ে পড়ি। পরে দেখি, আমাদের গাড়ি দুর্ঘটনার কবলে পড়েছে। আমার মাথায় সামান্য চোট লেগেছে।'

**ঘটনাক্রম**

- একটি বাস শিলিগুড়ি থেকে ফালাকাটার দিকে ও আরেকটি বাস কোচবিহার থেকে শিলিগুড়ির দিকে যাচ্ছিল
- বগরিবাড়ি এলাকায় রাস্তায় একটি বড় বাঁক থাকার কারণে দুই চালক গাড়ি নিয়ন্ত্রণ করতে পারেননি
- দুটি বাস দ্রুতগতিতে এসে মুখোমুখি একে অপরকে ধাক্কা মারে

এদিন বাস দুর্ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে আসেন ফালাকাটা পঞ্চায়েত সমিতির সভাপতি সুভাষচন্দ্র রায়। তাঁর চেষ্টায় জখম যাত্রীদের হাসপাতালে পাঠানো হয়। পরে সুভাষ বলেন, 'দুই বাস মিলে প্রায় ২০ জনের মতো যাত্রী জখম হয়েছেন। তারমধ্যে দুই চালকও আছেন। কারও হাত, পা আবার কারও মাথায় চোট লেগেছে। যদিও কেউ গুরুতর জখম হননি। তিনটি অ্যাম্বুল্যান্সে সকলকে ফালাকাটা সুপারস্পেশালিটি ও ধূপগুড়ি গ্রামীণ হাসপাতালে পাঠানো হয়।'

সংঘর্ষের বিকট শব্দ শুনে স্থানীয়রা এগিয়ে আসেন। জখম যাত্রীরাও নেমে আসেন। এদিকে স্থানীয়রা বলছেন, বগরিবাড়ি এলাকায় মাঝেমধ্যেই সড়ক দুর্ঘটনা ঘটছে। এজন্য সকলেই অবশ্য রাস্তার ওই বড় বাঁকটিকেই দায়ী করছেন। কিশোর রাজবংশী নামে ওই এলাকার এক তরুণের কথায়, 'বগরিবাড়ির এই বাঁক যেন সড়ক দুর্ঘটনার জোন হয়ে দাঁড়িয়েছে। প্রতি মাসেই এখানে কোনও না কোনও দুর্ঘটনা ঘটে। এমনিতে গোটা রাস্তাই এখন ভালো। তাই চালকরাও দ্রুতগতিতে গাড়ি চালান। তাই বাঁকের কাছে এসে চালকরা নিয়ন্ত্রণ হারিয়ে ফেলেন।'

# ফাঁসানোর অভিযোগ তৃণমূলে

মোস্তাক মোরশেদ হোসেন

**বীরপাড়া, ২৬ জুন :** ফের তৃণমূলের লোকজনের বিরুদ্ধে দলেরই কর্মীকে ভুয়ো মামলায় ফাঁসানোর অভিযোগ উঠল। মঙ্গলবার মাদারিহাট চৌপথিতে রোমান আলম নামের শাসকদলের এক কর্মীকে বেধড়ক মারধরের অভিযোগে দলের ব্লক সহ সভাপতি দীপনারায়ণ সিনহা সহ তিনজনের বিরুদ্ধে এফআইআর হয়। তাঁদের মধ্যে সঞ্জয় আর্য মাদারিহাটের একটি ক্লাবের সম্পাদক। সঞ্জয়ের অভিযোগ, তাঁকে ভুয়ো মামলায় ফাঁসানো হয়েছে। তাঁর বক্তব্য, 'আমি ঘটনাস্থলে ছিলাম না। আমার সঙ্গে এক টোটোচালকের চেহারার মিল রয়েছে। ওই টোটোচালক বচসায় জড়ান। অথচ টোটোচালকের পরিবর্তে আমার নাম এফআইআরে যুক্ত করা হয়েছে।' এদিকে দীপনারায়ণ জানিয়েছেন, সঞ্জয় একজন তৃণমূল কর্মী এবং আমার অত্যন্ত ঘনিষ্ঠ। এজন্য ওঁকে ফাঁসানো হয়েছে।'

দীপনারায়ণের সঙ্গে পঞ্চায়েত সমিতির পূর্ত কর্মাধ্যক্ষ সাজিদ আলমের গোষ্ঠীকোন্দল চরমে। মঙ্গলবার পালটা অভিযোগপত্রে প্রথমে সাজিদের নাম যুক্ত করলেও পরে অবশ্য দীপনারায়ণ তা প্রত্যাহার করেন। বিষয়টি নিয়ে সাজিদ দলের উচ্চ নেতৃত্বকে অভিযোগ জানান। আবার মঙ্গলবার সাজিদের একদল অনুগামী দীপনারায়ণকে গ্রেপ্তারের দাবিতে মাদারিহাট থানায় ভিড় করেন। বৃহস্পতিবার সাজিদের নাম না করে দীপনারায়ণ বলেন, 'সঞ্জয় আর্যর নাম এফআইআরে যুক্ত করার পেছনে বড় হাত রয়েছে।'

সাজিদ মাদারিহাটের বিধায়ক জয়প্রকাশ টোপ্পোর অত্যন্ত ঘনিষ্ঠ বলে পরিচিত। তবে কয়েকদিন ধরে সাজিদ চাপে রয়েছেন বলে তৃণমূলের অন্দরের খবর। সম্প্রতি মোষবোঝাই গাড়ি থেকে তোলা আদায়ের অভিযোগে সাজিদের বিরুদ্ধে মাদারিহাট থানায় অভিযোগ দায়ের হয়। নিজেকে নির্দোষ দাবি করে সাজিদের পালটা দাবি, দলের একাংশ তাঁকে ফাঁসিয়েছে। ওই ঘটনার পর থেকে সাজিদ কিছুটা ব্যাকফুটে।

তৃণমূল নেতৃত্ব অবশ্য গোষ্ঠীকোন্দলের অভিযোগ উড়িয়ে দিয়েছে। তৃণমূলের মাদারিহাট-বীরপাড়া ব্লক কমিটির এক নেতা জানান, সাজিদ ও দীপনারায়ণকে এক টেবিলে বসিয়ে সমস্যা মেটানোর চেষ্টা চলছে।

## দেহ উদ্ধার

**বারবিশা, ২৬ জুন :** বৃহস্পতিবার সকালে সুমন দাস (২৭) নামের এক তরুণকে বাড়িতেই গলায় ফাঁস লাগানো অবস্থায় ঝুলে থাকতে দেখা যায়। ভল্কা বারবিশা-১ গ্রাম পঞ্চায়েতের দক্ষিণ রামপুরের ঘটনা। পরিবারের লোকজন এবং পাড়াপড়শিরা পুলিশে খবর দেন। কুমারগ্রাম থানার বারবিশা ফাঁড়ির পুলিশ ঝুলন্ত দেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য আলিপুরদুয়ার জেলা হাসপাতালে পাঠিয়েছে। সেইসঙ্গে অস্বাভাবিক মৃত্যুর মামলা রুজু করে ঘটনার তদন্ত শুরু করেছে।

ইন্ডিয়ান অয়েল
CIN-L23201MH1959GOI011388
পাইপলাইন বিভাগ
দরখাস্ত আহ্বান (EOI)
পশ্চিমবঙ্গের শিলিগুড়িতে "শিলিগুড়ি ঝাপা পাইপলাইন প্রকল্পের অফিস স্পেস"এর জন্য ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন লিমিটেডের (পাইপলাইন বিভাগ) কে বাণিজ্যিক স্থান লিজ ভিত্তিতে দেওয়ার জন্য প্রকৃত মালিকদের কাছ থেকে আগ্রহ প্রকাশের (EOI) আমন্ত্রণ জানানো হচ্ছে।
ডাউনলোডের সময়কাল : এই দরখাস্ত আহ্বান প্রকাশের তারিখ থেকে ১৫ দিনের মধ্যে।
বিড জমা দেওয়ার সময় : এই দরখাস্ত আহ্বান প্রকাশের তারিখ থেকে ১৫ দিনের মধ্যে।
যোগাযোগ : সিনিয়র কনস্ট্রাকশন ম্যানেজার, শিলিগুড়ি, মোবাইল : 9250991965
ই-মেল : uahmad@indianoil.in
আরও বিস্তারিত জানার জন্য দেখুন https://www.iocl.com/suppliers-notices
এই বিজ্ঞাপন সংক্রান্ত যে কোনো প্রকার শুদ্ধিপত্র / সংযুক্তিকরণ / বিজ্ঞপ্তি সংক্রান্ত বিষয় একমাত্র www.iocl.com ওয়েবসাইটে দেখা যাবে।

# বৈচিত্র্যের উদযাপন আদি কামাখ্যাধামে

পিকাই দেবনাথ

**কামাখ্যাগুড়ি, ২৬ জুন :** আদি কামাখ্যাধামে বৃহস্পতিবার মন্দির সংলগ্ন মাঠ ও রাস্তায় মেলা বসেছে। প্রথম দিনই মেলার মাঠে ভিড় চোখে পড়ল। এই আদি কামাখ্যাধামের পুজোকে কেন্দ্র করে কামাখ্যাগুড়ি দেবেনবাবু চৌপথির বাসিন্দা ঋষিকেশ রাভা কর্মক্ষেত্র থেকে ছুটি নিয়ে বাড়ি এসেছেন। তিনি পেশায় পশ্চিমবঙ্গ পুলিশের সাব-ইনস্পেকটর পদে দার্জিলিং জেলায় কর্মরত বলে জানিয়েছেন। বৃহস্পতিবার সকাল থেকেই তিনি মন্দির চত্বরে পুজোর তদারকিতে ব্যস্ত ছিলেন। তাঁর সঙ্গে কথা হতেই তিনি জানালেন, তাঁদের পূর্বপুরুষেরা সকলেই এই আদি কামাখ্যাধামের পুজোর সঙ্গে জড়িত। তাঁর কথায়, 'এই পুজো ছোটবেলা থেকেই আমাদের এলাকার সমস্ত স্তরের মানুষের আবেগ। বিশেষ অসুবিধা না থাকলে প্রত্যেক বছরই এই পুজোতে ছুটি নিয়ে বাড়ি ফিরি।'

এদিন এই পুজোকে কেন্দ্র করে কোচবিহার জেলা থেকে প্রচুর মানুষ এসে মেলায় ভিড় জমিয়েছেন। তাঁদের অধিকাংশ জানিয়েছেন, এই মেলায় একসময় কোচবিহারের রাজপরিবারের তরফে অর্থবরাদ্দ করা হত। একইরকমভাবে হলদিবাড়ি, শিলিগুড়ি ও অসম থেকে মেলাতে অনেকে এসেছেন পুজো দিতে।

অসমের কোকরাঝাড় জেলা থেকে এসেছেন শীতল ব্রহ্ম। জানালেন, তিনি প্রতি বছরই অসমের কামাখ্যায় পুজো দিতে যান। তবে এবছর তিনি কামাখ্যাগুড়ির এই আদিধামে পুজো দিতে এসেছেন। কোচবিহার জেলার অজয় রায় এসেছেন তাঁর মনস্কামনা পূর্ণ হওয়ায় মা কামাখ্যার কাছে পাঁঠাবলি দেওয়ার জন্য। শতাধিক ব্যক্তি তাঁদের মনস্কামনা পূর্ণ হওয়ায় মা কামাখ্যার কাছে মানত নিবেদন করতে এসেছেন বলে তাঁর অনুমান।

কামাখ্যাগুড়ি এলাকার বাসিন্দা দেবাশিস ভট্টাচার্যের দাবি, 'এই আদি কামাখ্যাধামকে সরকার চাইলেই বিশেষ পর্যটনকেন্দ্রের মর্যাদা দিতে পারে। এই আদি কামাখ্যাধামের ইতিহাসের সঙ্গে কোচবিহারের রাজপরিবারের যোগ রয়েছে।' মেলাতে ২০ থেকে ২৫ হাজার মানুষ ভিড় জমাবেন বলে তাঁর অনুমান।



আদি কামাখ্যাধামে ভক্তদের ভিড়। বৃহস্পতিবার।

এদিন মন্দিরে সংলগ্ন মাঠে ও রাস্তায় মেলাকে কেন্দ্র করে কমপক্ষে ছোট-বড় ২০০ দোকান বসেছে। মেলায় মনিহারি দোকানদার পরেশ দাস বলেন, 'বর্ষার মরশুমে ব্যবসায় মন্দা ছিল। তবে এই মেলায় এদিন ভালো বিক্রি হয়েছে।'এই মেলাকে কেন্দ্র করে স্থানীয় বাসিন্দাদের উৎসাহ ও আবেগ জড়িয়ে রয়েছে বলে জানিয়েছেন কামাখ্যাগুড়ির বাসিন্দা তথা মন্দিরের এক কর্মকর্তা বীরেন বর্মন। তবে প্রশাসনের তরফে এই আদি কামাখ্যাধামকে অবহেলা করা হয় বলে অভিযোগ তুলেছেন তিনি। তিনি বললেন, 'প্রশাসনের কাছে একাধিকবার এই মন্দিরকে জনসমক্ষে অন্য মাত্রায় তুলে ধরার জন্য আবেদন জানিয়েছি। কিন্তু এই মন্দিরকে নিয়ে প্রশাসনের সদিচ্ছার অভাব রয়েছে।'

> এই আদি কামাখ্যাধামকে সরকার চাইলেই বিশেষ পর্যটনকেন্দ্রের মর্যাদা দিতে পারে। এই আদি কামাখ্যাধামের ইতিহাসের সঙ্গে কোচবিহারের রাজপরিবারের যোগ রয়েছে।
>
> **দেবাশিস ভট্টাচার্য**
> কামাখ্যাগুড়ি এলাকার বাসিন্দা

বিজ্ঞাপন
ডিয়ার সাপ্তাহিক লটারির ₹১কোটির বিজয়ী হলেন
দক্ষিণ ২৪ পরগণা-এর এক বাসিন্দা




পশ্চিমবঙ্গ, দক্ষিণ ২৪ পরগণা - এর একজন বাসিন্দা কুমার হালদার - কে 05.04.2025 তারিখের ড্র তে ডিয়ার সাপ্তাহিক লটারির 68K 35238 নম্বরের টিকিট এনে দেয় এক কোটি টাকার প্রথম পুরস্কার। তিনি কলকাতায় অবস্থিত নাগাল্যান্ড রাজ্য লটারির নোডাল অফিসারের কাছে পুরস্কার দাবির ফর্ম সহ তার বিজয়ী টিকিটটি জমা দিয়েছেন। বিজয়ী বললেন "বয়স, লিঙ্গ, প্রেক্ষাপট বা পটভূমি নির্বিশেষে সমস্ত সাধারণ মানুষকে সমান সুযোগ দেওয়ার জন্য আমি ডিয়ার লটারি এবং নাগাল্যান্ড রাজ্য লটারিকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই। তারা অসংখ্য কোটিপতি তৈরি করেছে এবং আমি গর্বের সাথে বলতে পারি আমিও এখন তাদের মধ্যে একজন।" ডিয়ার লটারির প্রতিটি সরাসরি দেখানো হয় তাই এর সততা প্রমাণিত।
* বিজয়ীর তথ্য সরকারি ওয়েবসাইট থেকে সংগৃহীত।





# লটকা ২০০ টাকা কেজি



**দামিনী সাহা**

**আলিপুরদুয়ার, ২৬ জুন :** ‘রথযাত্রা মানেই এক অদ্ভুত টান। যেন শৈশবের হাত ধরে টানছে পুরোনো স্মৃতির দিকে!’ বলছিলেন আলিপুরদুয়ার শহরের প্রবীণ বাসিন্দা নির্মল শিকদার। রথযাত্রা শুক্রবার। তার আগে বৃহস্পতিবার আলিপুরদুয়ার শহরে দেখা গেল শেষমুহূর্তের প্রস্তুতির ছবি। দুর্গাবাড়ি থেকে শুরু করে ইসকন, সব জায়গাতেই রথের গায়ে শেষ পর্যায়ের সাজসজ্জার প্রলেপ পড়েছে এদিন।

তবে রথের রশির আগেই যেন টান পড়েছে মানুষের পকেটে। রথের মেলা মানেই তো লটকা খাওয়া। এই নস্টালজিয়ার ওপর ভর করে ক্রমেই মহার্ঘ হয়ে উঠছে লটকা। এদিন সকালে শহরের বিভিন্ন বাজারে লটকা বিক্রি হয়েছে ১০০ টাকা কেজি দরে। দুপুরের পর থেকেই তার দাম ঊর্ধ্বমুখী। তার দাম গিয়ে ঠেকেছে ২০০ টাকায়! বাবুপাড়া এলাকার প্রণব রায় রসিকতা করে বললেন, ‘রথ টানার আগে লটকা টেনে নিল আমার মানিব্যাগটাই!’

কেন এই দামবৃদ্ধি? বিক্রেতারা জানালেন, একে তো চাহিদা চড়চড়িয়ে বেড়েছে। তেমনি ফলের জোগানও এবার ছিল কিছুটা কম। তাই বাজারে হাহাকার। বড়বাজার এলাকার ফল বিক্রেতা চিরঞ্জিত দেবনাথের কথায়, ‘রথের আগে লটকার চাহিদা সবসময়ই বেশি। কিন্তু এবার মালদা ও কলকাতা থেকে পর্যাপ্ত মাল আসেনি। তাই সকালে ১০০-১২০ টাকার লটকা দুপুরেই ২০০ টাকায় পৌঁছেছে।’ শুধু লটকাই নয়, আম, তরমুজ, আপেল আর আনারসের দামও কিছুটা করে বেড়েছে এই রথযাত্রা উপলক্ষ্যে।

এদিকে রথ উপলক্ষ্যে আলিপুরদুয়ার ইসকন মন্দিরে চলছে জোরকদমে প্রস্তুতি। ইসকন কমিটির সদস্য সুরজিৎ বসাক জানালেন, ‘শুক্রবার সকাল ৭টা থেকে শুরু হবে পুজো, ভোগ নিবেদন, আরতি। বেলা সাড়ে তিনটের সময় রথ পরিক্রমায় বেরোবে মন্দির প্রাঙ্গণ থেকে। মিছিল শেষ হবে নেতাজি রোডের দুর্গাবাড়িতে। সেখানেই উলটোরথ পর্যন্ত থাকবে রথ।’

শহরের অন্যতম পুরোনো রথ দুর্গাবাড়ির রথ। সেখানেও চূড়ান্ত প্রস্তুতির ছবি দেখা গেল। দুর্গাবাড়ি কমিটির কোষাধ্যক্ষ পরিতোষ বিশ্বাস বললেন, ‘সকাল দশটা নাগাদ পুজো শুরু হবে। দুপুর আড়াইটের সময় রথ পরিক্রমায় বের হবে। শহরের একাধিক রাস্তা অতিক্রম করে তা ফের মন্দির চত্বরে ফিরে আসবে।’ মন্দির চত্বরে ইতিমধ্যেই হয়েছে রঙিন তোরণ। বসানো হয়েছে রথের মেলার স্টল। রথের দড়ি টানার জন্য প্রস্তুত শহরের বিভিন্ন ক্লাব ও স্কুলের ছাত্রছাত্রীরা। প্রত্যেক বছর দুর্গাবাড়ির রথের সঙ্গে থাকে ভজন গানের দল ও ঢাক-ঢোলের বাজনা। এবারও তার ব্যতিক্রম হচ্ছে না। নিউ টাউন এলাকার বাসিন্দা রূপম সরকার বললেন, ‘আমি আর আমার বন্ধুরা রথের দিন সকাল থেকে বেরিয়ে পড়ি। রথ টানি, প্রসাদ খাই। বিকেলে গিয়ে দাঁড়াই নেতাজি রোডে ইসকনের রথযাত্রা যখন শেষ হয়, তখন। ওই দৃশ্যটা মিস করা যায় না।’

মিষ্টির দোকানগুলোতেও বিশেষ ভিড়। শহরের বেলতলা মোড়ের একটি মিষ্টির দোকানে দেখা গেল বিভিন্ন ট্রেতে সাজানো জিলিপি আর খাজা। দোকানের কর্ণধার জয়দেব ঘোষের কথায়, ‘রথে জিলিপি আর খাজা না হলে জমে না।’

রথযাত্রাকে কেন্দ্র করে শুক্রবার আলিপুরদুয়ার শহর ও সংলগ্ন এলাকায় অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হবে। ট্রাফিক ব্যবস্থাও থাকবে নিয়ন্ত্রিত। এছাড়া ট্রাফিক পুলিশ রথের সঙ্গে সঙ্গেই থাকবে বলে জানান ট্রাফিক ওসি মনোজয় দত্ত।



বাড়ির রথ সাজানোর কাজ চলছে। বৃহস্পতিবার আলিপুরদুয়ারে।

**তোড়জোড়**

- সকালে শহরের বিভিন্ন বাজারে লটকা বিক্রি হয়েছে ১০০ টাকা কেজি দরে
- দুপুরের পর থেকে তার দাম গিয়ে ঠেকল ২০০ টাকায়
- মিষ্টির দোকানে জিলিপি ও খাজা বানানো শুরু হয়ে গিয়েছে
- দুর্গাবাড়িতে রথযাত্রা উপলক্ষ্যে স্টল বসেছে



**উলটো জাতীয় পতাকা।।** বৃহস্পতিবার আলিপুরদুয়ার সার্কিট হাউসে উড়ল উলটো জাতীয় পতাকা। সার্কিট হাউসে প্রতিদিন জাতীয় পতাকা উত্তোলন করা হয়। অভিযোগ, এদিন উলটো জাতীয় পতাকা উত্তোলন করা হয়। অবশ্য গণ্ডগোল নজরে আসার পরই তড়িঘড়ি পতাকা নামিয়ে, আবার সোজা করে উত্তোলন করা হয়। এদিন সার্কিট হাউসে ছিলেন উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরের মন্ত্রী উদয়ন গুহ। তিনি সাফ জানিয়েছেন, এটি সার্কিট হাউসে কর্মীদের ব্যর্থতা। আর বিজেপির আলিপুরদুয়ার জেলা সভাপতি মিঠু দাসের দাবি, ‘এটা প্রশাসনের কোমর ভেঙে যাওয়ার নিদর্শন।’

# ডিজে বাজলেই কড়া পদক্ষেপ

**ভাস্কর শর্মা**

**ফালাকাটা, ২৬ জুন :** ধর্মীয় শোভাযাত্রা হোক কিংবা পাড়ার ক্লাবের অনুষ্ঠান, বিয়ে থেকে শুরু করে সব অনুষ্ঠানেই ডিজে-র দাপট দেখা যায়। নিষেধাজ্ঞা সত্ত্বেও বেজে ওঠে ডিজে বক্স। শুধু ফালাকাটা নয়, অনেক জায়গায় ডিজে নিয়ে অভিযোগ আসে। পুলিশ ব্যবস্থা নেয়, পরে আবার একই পরিস্থিতি। তবে এবার ফালাকাটায় ডিজে বক্স বাজালেই কড়া পদক্ষেপের কথা জানাল পুলিশ। বৃহস্পতিবার ফালাকাটার সাউন্ড ব্যবসায়ীদের নিয়ে থানায় বৈঠক করল পুলিশ। এমনকি ব্যবসায়ীদের এইদিন ডিজে নিয়ে একাধিক নির্দেশিকাও দিয়েছে পুলিশ।

ফালাকাটা থানার আইসি অভিষেক ভট্টাচার্য বলেন, ‘শোভাযাত্রার নাম করে ডিজে-র দাপাদাপি কোনওমতেই বরদাস্ত করা হবে না। এদিন তাই ব্যবসায়ীদের সঙ্গে বৈঠক করে বিষয়টি জানিয়ে দেওয়া হয়েছে। তবে ডিজে সাউন্ড নিয়ে কোনও ক্লাব বা সংগঠন ব্যবসায়ীদের উপর জোরজুলুম করলেও আমরা শক্ত হাতে দমন করব।’

পুলিশের এমন পদক্ষেপকে স্বাগত জানিয়েছে ওয়েস্ট বেঙ্গল সাউন্ড লাইট ওনার্স ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশন। সংগঠনের রাজ্য কমিটির সভাপতি বলরাম মজুমদার বলেন, ‘আমরা পুলিশের নির্দেশ মেনেই সাউন্ড সিস্টেম ভাড়া দিই। অনেকেই জবরদস্তি ডিজে নিতে চেয়ে নানানভাবে সমস্যা করে। আমরা এদিন পুলিশকে বিষয়টি দেখার জন্য অনুরোধ করেছি। শোভাযাত্রায় যাতে ডিজে ভাড়া না দেওয়া হয়, তা আমরা সংগঠনের সদস্যদেরও জানিয়ে দিয়েছি।’

ফালাকাটা থানা সূত্রে জানা গিয়েছে, শুক্রবার রথযাত্রা। তার কিছুদিন পর মহরম কিন্তু পুলিশ চাইছে এখন থেকেই সাউন্ড ব্যবসায়ীরা সতর্ক হোক। তাই এদিন থানায় ব্যবসায়ীদের ডেকে বৈঠক করা হল। বৈঠকে জানানো হয়, কোনও শোভাযাত্রাতেই ডিজে ভাড়া দেওয়া যাবে না। এমনকি দেওয়া যাবে না জেনারেটরও। কোনও ক্লাব বা সংগঠন জবরদস্তি ডিজে ভাড়া নিলে তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। পাশাপাশি বাজেয়াপ্ত করা হবে ডিজে। এদিন মাইক ব্যবসায়ীদের নিয়ে পুলিশ একটি হোয়াটসঅ্যাপ গ্রুপও খুলেছে। পুলিশ জানিয়েছে, সাউন্ড সিস্টেম নিয়ে যখন যে নির্দেশিকা আসবে তা গ্রুপে জানিয়ে দেওয়া হবে।



**বিকট আওয়াজে অস্বস্তি**

- সবরকম অনুষ্ঠানে আজকাল ডিজে খুব ‘জনপ্রিয়’ হয়ে উঠেছে
- বিকট আওয়াজে বেজে চলা ডিজে বক্সগুলির কারণে অসুবিধা হচ্ছে অসুস্থ প্রবীণদের
- এই দাপটে রাশ টানতে মাইক ও সাউন্ড ব্যবসায়ীদের সঙ্গে আলোচনায় বসে পুলিশ
- কড়া পদক্ষেপের বার্তা দেওয়া হয়েছে পুলিশের তরফে

ফালাকাটার মাইক ব্যবসায়ী প্রবীর সাহার কথায়, ‘পুলিশ খুব ভালো উদ্যোগ নিয়েছে। আমরা শোভাযাত্রাগুলিতে ডিজে বক্স ভাড়া দিতে চাই না। এখন থেকে পুলিশের নির্দেশ আরও কঠোরভাবে পালন করা হবে।’

শহরের প্রবীণ নাগরিক দেবদুলাল রায়ের বক্তব্য, ‘যে কোনও উৎসব অনুষ্ঠানেই যথেষ্ট ডিজের দাপট থাকে। আমাদের সমস্যা তো হয়ই, পাশাপাশি ছোটদেরও পড়াশোনায় ক্ষতি হয়, অসুস্থদের অসুবিধা হয়। পুলিশের এই উদ্যোগ প্রশংসনীয়।’



রথযাত্রা উপলক্ষ্যে বানানো হচ্ছে মণ্ডপ। বৃহস্পতিবার আলিপুরদুয়ারে।

# কামাখ্যাগুড়িতে উৎসবের আবহ

**পিকাই দেবনাথ**

**কামাখ্যাগুড়ি, ২৬ জুন :** রথযাত্রাকে কেন্দ্র করে কামাখ্যাগুড়িতে রীতিমতো উৎসবের আবহ তৈরি হয়েছে। বৃহস্পতিবার শহরে শেষমুহূর্তের প্রস্তুতির ছবি দেখা গিয়েছে। কামাখ্যাগুড়ির প্রাণকেন্দ্র হরিবাড়ির মন্দিরে জগন্নাথ দেবের প্রাণপ্রতিষ্ঠা হবে শুক্রবার, রথের দিন। এই নিয়ে উদ্যোক্তাদের প্রস্তুতি তুঙ্গে। এছাড়াও এই হরিবাড়িতে শিব ও লোকনাথ বাবার মন্দিরের উদ্বোধনও করা হবে। বৃহস্পতিবার বিষ্ণুপুজো করে অনুষ্ঠানের সূচনা করা হয়েছে। সেইসঙ্গে কামাখ্যাগুড়ির কয়েকটি দুর্গাপুজোর কাঠামোপুজোও করা হবে এদিন।

কামাখ্যাগুড়ি হরিবাড়ি এলাকার বাসিন্দা রাজেশ কর্মকার বললেন, ‘এইবছর আমাদের এখানে জগন্নাথ দেবের প্রাণপ্রতিষ্ঠা করা হচ্ছে। এই নিয়ে গোটা কামাখ্যাগুড়ির সাধারণ মানুষের মধ্যে ব্যাপক উৎসাহ রয়েছে। আমাদের রথযাত্রা কামাখ্যাগুড়ির পুরাতন ও ঐতিহ্যবাহী রথযাত্রা।’ ইতিমধ্যেই মন্দির প্রাঙ্গণে প্যান্ডেল তৈরির কাজ শেষের দিকে। কামাখ্যাগুড়ি হরিবাড়ি মেলা কমিটির সভাপতি দেবাশিস রায়ও বলেন, হরিবাড়িতে জগন্নাথ দেবের প্রাণপ্রতিষ্ঠাকে কেন্দ্র করে বড় উৎসবের আয়োজন করা হচ্ছে। প্রাণপ্রতিষ্ঠার উৎসব উপলক্ষ্যে ১৫ থেকে ২০ হাজার লোকের সমাগম হবে মন্দির প্রাঙ্গণে। মন্দির প্রাঙ্গণে সারাদিনব্যাপী প্রসাদ বিতরণ চলবে। দেবাশিসের কথায়, ‘চালে-ডালে প্রায় ৫ কুইন্টাল খিচুড়ির আয়োজন করা হয়েছে। মন্দিরে আগত সকল দর্শনার্থীকে বসিয়ে প্রসাদ খাওয়ানোর ব্যবস্থা করা হবে।’ এছাড়া শুক্রবার ভক্তিমূলক ভজনগীতির আয়োজন করা হয়েছে। শনিবার খ্যাতনামা বাউল সংগীতশিল্পীদের সমন্বয়ে সংগীত অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। আর রবিবার খ্যাতনামা শিল্পীদের সমন্বয়ে লোকসংগীত অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

শুক্রবার কামাখ্যাগুড়ি শ্যামনগর রথমেলা কমিটির তরফে জগন্নাথ দেবের রথযাত্রার আয়োজন করা হয়েছে। রক্তদানের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা হয়েছে। কামাখ্যাগুড়ি এই রথ মেলার এইবারে চতুর্থ বছর। ওই এলাকার বাসিন্দা নারায়ণ দাস বললেন, ‘এই রথযাত্রায় এলাকার সমস্ত মানুষ স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করে অনুষ্ঠানকে সার্বিক সাফল্যমণ্ডিত করে তোলেন। দূরদূরান্ত থেকে বহু মানুষ এসে এই রথের মেলায় অংশগ্রহণ করেন।’ কামাখ্যাগুড়ি শ্যামনগর রথের মেলা কমিটির তরফে সম্পাদক ধনঞ্জয় সাহা জানিয়েছেন, রথযাত্রা উপলক্ষ্যে কামাখ্যাগুড়ির বিভিন্ন কৃতী ছাত্রছাত্রীকে সংবর্ধনা জানানো হবে। মেলায় অন্তত ১০ হাজার লোক আসবেন।

## ট্রেনের ধাক্কা

**কামাখ্যাগুড়ি, ২৬ জুন :** বুধবার রাতে কামাখ্যাগুড়ি রেলস্টেশনে লাইন পার হতে গিয়ে মৃত্যু হল এক মহিলার। ওই মহিলার নাম রতুবালা সরকার (৬২)। তিনি খোয়ারডাঙ্গা-১ গ্রাম পঞ্চায়েতের বাসিন্দা। অসমের কামাখ্যা মন্দির থেকে পুজো দিয়ে ইন্টারসিটি এক্সপ্রেসে এসে কামাখ্যাগুড়ি স্টেশনে নামেন। স্টেশনে নামার পর ওভারব্রিজের বদলে সোজা ট্র্যাকের উপর দিয়ে পার হওয়ার চেষ্টা করেন। এতেই দুর্ঘটনা ঘটে। প্ল্যাটফর্মের উচ্চতার কারণে তিনি সময়মতো উঠতে পারেননি। তখনই এক নম্বর প্ল্যাটফর্মে একটি মালগাড়ির ধাক্কায় মহিলার মৃত্যু হয়। রেল পুলিশ মৃতদেহ ময়নাতদন্তে পাঠিয়েছে।

## অভিযান

**জয়গাঁ, ২৬ জুন :** এসএসবির অভিযানে ভেস্তে গেল কাফ সিরাপ বিক্রির ছক। এসএসবি ৫৩ ব্যাটালিয়নের জওয়ানরা বুধবার খোকলাবস্তি থেকে ৫৬৪ বোতল কাফ সিরাপ বাজেয়াপ্ত করেন। এই অভিযানের নির্দেশ দেন এসএসবি কমান্ডান্ট দীপক। এগুলি ভুটানে পাচারের ছক কষেছিল পাচারকারীরা। তবে অভিযানে কেউ ধরা পড়েনি। বাজেয়াপ্ত করা সমস্ত সিরাপ জয়গাঁ থানায় জমা করা হয়।

**আজ শহরে**



- ফালাকাটায় রথযাত্রা উপলক্ষ্যে মোট চারটি রথ শহর ঘুরবে।
- ফালাকাটা টাউন ক্লাব পরিচালিত গোল্ড কাপের ব্যানার উন্মোচন।
- কলেজপাড়া, সারদানন্দপল্লি এবং মহাকালপাড়ায় দুর্গোৎসবের খুঁটিপুজো।
- রথযাত্রা উপলক্ষ্যে শীতলাবাড়িতে মেলা।

## পড়ুয়াদের নেশামুক্তির পাঠ দিল নাটক

**ফালাকাটা, ২৬ জুন :** মাদকের কবলে পড়ে স্কুল-কলেজ পড়ুয়াদের মধ্যে বাড়ছে নানা ধরনের অপরাধমূলক প্রবণতা। তাই এই মাদক থেকে পড়ুয়াদের দূরে রাখার পাঠ দেওয়া হল বৃহস্পতিবার। সাধারণ সচেতনতামূলক কর্মসূচি না করে নাটকের সাহায্যে সচেতন করা হল পড়ুয়াদের। ফালাকাটার পারঙ্গেরপার শিশুকল্যাণ হাইস্কুলে মাদকদ্রব্যের অপব্যবহার এবং অবৈধ পাচার নিয়ে নাটক প্রদর্শন করা হয়। পাশাপাশি এদিন স্কুলে আন্তর্জাতিক মাদকবিরোধী দিবসও পালন করা হয়। কলেজ পড়ুয়া তন্ময় শীলের রচিত এবং পরিচালিত নাটক ‘ড্রাগের নেশা সর্বনাশা’ প্রদর্শিত হয়।

পারঙ্গেরপার শিশুকল্যাণ হাইস্কুলের প্রধান শিক্ষক ডঃ প্রবীর রায়চৌধুরী বলেন, ‘কেউ যাতে মাদকাসক্ত হয়ে না পড়ে তা দেখার দায়িত্ব আমাদের এবং অভিভাবকদের। আমরা স্কুলে তাই মাদকের ভয়াবহতা সম্পর্কে পড়ুয়াদের সচেতনতার পাঠ দিই।’

তন্ময়ের কথায়, ‘সচেতনতার অভাবে ছোট থেকে বড় সকলেই মাদকাসক্ত হয়ে পড়ছে। এই ক্ষেত্রে কী করণীয়, সেটা নিয়েই নাটক। ছোটরা আগ্রহ নিয়ে নাটকটি দেখে।’ স্কুল পড়ুয়া রক্তিম সরকার, রিয়ান কর, দেবার্ঘ্য রায়রা মন দিয়ে নাটক দেখেছে বলে জানায়।

# বেহাল রাস্তার সংস্কার দাবি



ফালাকাটা শহরের ৯ নম্বর ওয়ার্ডে বেহাল রাস্তা।

**আবিদ হোসেন**

**ফালাকাটা, ২৬ জুন :** বর্ষার শুরুতে ফালাকাটা পুরসভার ৯ নম্বর ওয়ার্ডের সুভাষপল্লি থেকে মাদারি রোড পর্যন্ত ডাক বাংলো রোড বেহাল। পিচের চাদর উঠে গিয়ে তৈরি হয়েছে গর্ত। সামান্য বৃষ্টিতে গর্তগুলিতে জমছে জল। ফলে রাস্তা দিয়ে চলাচলে দুর্ভোগ পোহাতে হচ্ছে স্থানীয় থেকে পথচারীদের।

স্থানীয় বাসিন্দা অংশুমান পালের অভিযোগ, ‘রাস্তাটি সংস্কার করার জন্য স্থানীয় কাউন্সিলারকে বহুবার বলেও কোনও লাভ হয়নি। বিষয়টি পুরসভার চেয়ারম্যানের নজরেও এনেছিলাম। বর্ষার শুরুতেই চলাচলের অযোগ্য হয়ে পড়েছে রাস্তাটি। আমরা চাই দ্রুত রাস্তা সংস্কার করুক পুরসভা।’

একই বক্তব্য আরেক বাসিন্দা রুমা দাসেরও। তিনি বললেন, ‘গর্তের জন্য কয়েকদিন আগে বাড়ির সামনে একটি দুর্ঘটনা ঘটে গেল। পুরসভার তরফে রাস্তাটি দ্রুত সারাই করে দিলে ভালো হয়।’

এবিষয়ে স্থানীয় কাউন্সিলার রতন সরকারের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি জানালেন, ওয়ার্ডে এমন দুটি রাস্তা বেহাল রয়েছে। কাজের প্রস্তাব পাঠানো হয়েছে। পুজোর আগেই রাস্তা সংস্কারের কাজ শুরু হবে বলে তিনি আশাবাদী।

সুভাষপল্লি থেকে মাদারি রোড পর্যন্ত প্রায় ৫০০ মিটার রাস্তায় পিচের চাদর উঠে বেহাল হয়ে পড়েছে। এই রাস্তার ধারে রয়েছে একটি বেসরকারি স্কুল। প্রতিনিয়ত সেই স্কুলে বহু পড়ুয়া ও অভিভাবকদের সমাগম হয়। রাস্তা বেহাল হওয়ায় চলাচলে ভীষণ সমস্যায় পড়তে হয় তাঁদের। পুরসভা গঠন হওয়ার পর রাস্তাটি মেরামত করা হয়েছিল। এরপর পাইপলাইনের কাজের ফলে রাস্তাটি বেহাল হয়ে পড়ে।

স্থানীয় বাসিন্দা সুদীপা দাসের কথায়, ‘বর্ষায় বেহাল রাস্তা দিয়ে চলাফেরা করতে ভীষণ অসুবিধে হচ্ছে। বিভিন্ন জায়গায় বড় বড় গর্ত হওয়ায় প্রায়শই দুর্ঘটনা ঘটছে। আমরা দ্রুত রাস্তাটি সংস্কারের দাবি করছি।’





